দৈনিক বাংলা

23

তারিখ 02 DEC 1996
পৃষ্ঠা ৪ কলাম ২

# প্রত্যাহার নয় স্থগিত

শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী এএসএইচকে সাদেক শনিবার ৩০ নবেম্বর শিক্ষক নেতৃবৃন্দের সাথে ফলপ্রসূ আলোচনা শেষে পরীক্ষার ফলাফল বিপর্যয়ের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে সরকারী অনুদান ও ইনক্রিমেন্ট বন্ধের আদেশ স্থগিত করার ঘোষণা দেন।

সরকারী তথ্য বিবরণীতে ভুলবশত এখানে আদেশ প্রত্যাহারের কথা বলা হয়েছে। এমতাবস্থায় প্রকাশিত সংবাদ সম্পর্কিত বিভ্রান্তি নিরসন করা প্রয়োজন। প্রকৃতপক্ষে মন্ত্রী শিক্ষকদের সঙ্গে আলোচনা করে এটি আপাতত স্থগিত করার ঘোষণা দিয়েছিলেন। খবর তথ্য বিবরণীর।